

মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

www.dme.gov.bd

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩. (এমপিও) ১৭- → ১২

তারিখঃ ০৫.১২.২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিতকৃত বেতন-ভাতা (stop paymen) চালু ও বকেয়া বেতন-ভাতা বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত (নির্দেশনা অস্পষ্ট থাকায়) জারীকৃত নির্দেশনা স্পষ্টিকরণ প্রসঙ্গে।

সূত্র (১) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩. (এমপিও) ১৭-

তারিখঃ ০৯.১০.২০১৭ খ্রিঃ।

(২) শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাদ্রাসা শাখা-১ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫৪.১৭/৩৩২, তারিখঃ ১৪.১১.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিতকৃত বেতন-ভাতা (stop paymen) চালু ও বকেয়া বেতন-ভাতা বিষয়ে নির্দেশনা চেয়ে সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে ০৯.১০.২০১৭ খ্রিঃ তারিখে মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।

০২. সে মতে সূত্রোক্ত ২ নং স্মারকের মাধ্যমে অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর এর স্থগিতকৃত বেতন-ভাতা (stop paymen) চালু ও বকেয়া বেতন-ভাতা বিষয়ে যে নির্দেশনা জারী হয়েছে তা হলো “ গাজীপুর জেলার সদর উপজেলাধীন পূবাইল রহমানিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ, জনাব মো: কুতুব উদ্দিন ওসমানী (ইনডেক্স নং- ৩০৫৯৪৯) এর বেতন-ভাতা পাওয়ার যোগ্য বিবেচনায় তার এমপিও ১০/০৫/২০১৭ তারিখ হতে পুনরায় চালু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তবে তাকে কোন বকেয়া প্রদান করা যাবে না।”

০৩. উক্ত নির্দেশনাটি ১৪.১১.২০১৭ খ্রিঃ তারিখে জারী হওয়া সত্ত্বেও উক্ত নির্দেশনায় কোন বকেয়া প্রদান করা যাবে না মর্মে উল্লেখ করা হয়েছে। অথচ উক্ত শিক্ষকের এমপিও ১০.০৫.২০১৭ খ্রিঃ তারিখ হতে পুনরায় চালু করার নির্দেশনাও রয়েছে।

০৪. একই আদেশে বকেয়া দেয়া যাবে না মর্মে উল্লেখ থাকা সত্ত্বেও ১০.০৫.২০১৭ খ্রিঃ তারিখ হতে পুনরায় এমপিও চালু করার নির্দেশ রয়েছে। অর্থাৎ বকেয়া পরিশোধের নির্দেশনা রয়েছে ফলে নির্দেশনাটি বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হয়েছে যা স্পষ্ট হওয়া প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত নির্দেশনা মতে পুনরায় মাদরাসার অধ্যক্ষের এমপিওটি প্রকৃত পক্ষে কবে থেকে চালু হবে এ বিষয়ে মহোদয়ের নির্দেশনা কামনা করা হলো।



মো: বিল্লাল হোসেন

মহা পরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪৯৩৫৭০৫৯

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

সচিব

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: মো: আ: খালেক মিঞা, সহকারী সচিব (মাদ্রাসা-১)

অনুলিপি:

০১. সভাপতি, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর সদর, গাজীপুর।

০২. অধ্যক্ষ, পূবাইল রহমানিয়া আলিম মাদরাসা, গাজীপুর সদর, গাজীপুর।

০৩. অফিস কপি।